



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৮ মার্চ, ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৮ মার্চ, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে ২ দিন ব্যাপী কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২৫ বছর পূর্তি উৎসবের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান পৃষ্ঠপোষকের বক্তব্যে উৎসব আয়োজনে সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানিয়ে ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, ২৫ বছরের দীর্ঘ পথ চলায় এ বিভাগ মান সম্পন্ন গ্রাজুয়েট তৈরি করেছে যারা দেশে ও বিদেশে সুনামের সাথে কাজ করে যাচ্ছে। এ অগ্রযাত্রা অব্যাহত থাকুক।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বুয়েটের সাবেক ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. ইকবাল মাহমুদ। এ সময় বিশেষ অতিথি হিসেবে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সিইপি বিভাগের প্রথম বিভাগীয় প্রধান প্রফেসর ড. জয়নাল আবেদিন, ইঞ্জিনিয়ার মো.আবদুর সালাম, প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. সালাতুল ইসলাম মজুমদার, শেখ আকবর হাকিম প্রমুখ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিইপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. ইঞ্জিঃ. সালমা আকতার ও শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রফেসর ড. মোহাম্মদ মাস্তাবুর রহমান।

রেজিস্ট্রার